

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ হজ অফিস
জেদা, সৌদি আরব।

নম্বর- ১৬.০৮.০০০০.০০০.১১.০০১.২০১৮ (অংশ-১).৬৪

তারিখঃ ১ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি:

**মৌসুমী হজকর্মী নিয়োগ বিজ্ঞপ্তি
হজ- ১৪৪৪ হিজরি/২০২৩ খ্রিষ্টাব্দ**

আসন্ন হজ ২০২৩ (১৪৪৪ হিজরী) মৌসুমে মক্কা, মদিনা ও জেদায় বাংলাদেশ হতে আগত হাজী সাহেবানদের খেদমতের জন্য নিম্নবর্ণিত পদসমূহে প্রয়োজনীয় সংখ্যক (পদের পার্শ্বে কর্মস্থল ও যোগ্যতা অনুযায়ী) দৈনিকভিত্তিক মৌসুমী হজকর্মী নিয়োগের জন্য সৌদি আরবে বৈধভাবে অবস্থানকারী বাংলাদেশী/সৌদি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র.নং	পদের নাম	কর্মস্থল	প্রার্থীর যোগ্যতা
০১	অনুবাদক	মক্কা, মদিনা ও জেদা	আরবি ও ইংরেজি বলা এবং লেখায় অভিজ্ঞ হতে হবে। কম্পিউটার টাইপিং জানা আবশ্যিক। আন্তরিকভাবে নিজ দেশের হাজী সাহেবানদের খেদমতের মানসিকতা থাকতে হবে। কঠোর পরিশ্রমী এবং সদাচরণের অধিকারী হতে হবে।
০২	কম্পিউটার অপারেটর	মক্কা, মদিনা ও জেদা	আরবি, বাংলা ও ইংরেজি টাইপিং জানা আবশ্যিক। কম্পিউটার অপারেটর পদে কাজের অভিজ্ঞতা থাকলে নিয়োগে অগ্রাধিকার দেয়া হবে।
০৩	সুপারভাইজার	মক্কা, মদিনা ও জেদা	বাংলা ও আরবী ভাষায় যোগাযোগে পারদর্শী হতে হবে। মক্কা, মদিনা, জেদা ও মাশায়ের এলাকার সম্মুখে পরিচিত থাকা আবশ্যিক। সুপারভাইজার বা হজকর্মী হিসেবে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। আন্তরিকভাবে নিজ দেশের হাজী সাহেবানদের খেদমতের মানসিকতা থাকতে হবে। কঠোর পরিশ্রমী এবং সদাচরণের অধিকারী হতে হবে।
০৪	গাড়ী চালানোর বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র থাকতে হবে। আবেদনকারীর মক্কা/মদিনা/মিনা/আরাফা ও জেদার রাস্তা-ঘাট চেনা জানা থাকা আবশ্যিক। আরবী এবং শুক্র বাংলায় কথা বলার যোগ্যতা থাকতে হবে।	মক্কা, মদিনা ও জেদা	
০৫	সাধারণ হজকর্মী	মক্কা, মদিনা ও জেদা	আরবী এবং শুক্র বাংলায় কথা বলার যোগ্যতা থাকতে হবে। মক্কা/মদিনা/মিনা/আরাফা ও জেদার রাস্তা-ঘাট চেনা জানা এবং হাজীদের আন্তরিকভাবে সেবাদানের মানসিকতা থাকতে হবে। কঠোর পরিশ্রমী এবং সদাচরণের অধিকারী হতে হবে।
০৬	পরিচ্ছন্নকর্মী	মক্কা, মদিনা ও জেদা	অফিস ভবন/মেডিকেল ভবন (ক্লিনিক), পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজে আগ্রহী ও অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। কঠোর পরিশ্রমী এবং সদাচরণের অধিকারী হতে হবে।

বিশেষ শর্তাবলীঃ

- (১) সৌদি নাগরিক অথবা বৈধ ইকামাধারী বাংলাদেশী নাগরিকদের দৈনিকভিত্তিতে, “কাজ আছে-মজুরী আছে, কাজ নেই-মজুরী নেই” -এই শর্তে সম্পূর্ণ অস্থায়ীভাবে এ নিয়োগ দেয়া হবে।
- (২) যে সকল ইকামাধারী বাংলাদেশী নাগরিকের পেশা সায়েক খাস, আমেল মঞ্জিল ও হারেস তাদের আবেদন করার প্রয়োজন নেই।
- (৩) বাংলাদেশ হজ অফিস, মক্কা, মদিনা এবং জেদা থেকে বিনামূল্যে নির্ধারিত ফরম সংগ্রহ করা যাবে এবং ওয়েবসাইট (www.hajj.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে। স্বীয় কর্মস্থলের প্রযোজ্যমতে বাংলাদেশ হজ অফিস, মক্কা/মদিনা/জেদায় জমা দেয়ার সর্বশেষ তারিখ ২৩/২/২০২৩ বিকাল ৫.০০ টা পর্যন্ত।



(8) আবেদন ফরম নির্ভুলভাবে পূরণ করে যে কর্মস্থলে কাজ করতে আগ্রহী সেখানে যেমন বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা/মদিনা/জেদায় অফিস চলাকালীন সময়ে জ্ঞানান্বেষ তারিখ ২৩/২/২০২৩ বিকাল ৫.০০ টা পর্যন্ত। পূরণকৃত ফরম একই তারিখ এবং সময়ে ই-মেইলেও (missionhajj@gmail.com) প্রেরণ করা যাবে।

(৫) আগ্রহী প্রার্থীকে নির্ধারিত ফরম আবেদন করতে হবে। পূরণকৃত আবেদনের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ (যদি থাকে), পাসপোর্ট ও বৈধ ইকামার ফটোকপিসহ শিক্ষাগত সনদ ও অভিজ্ঞতার সনদ ইত্যাদি সংযুক্ত করে দিতে হবে। ই-মেইল এ আবেদন দাখিলের ক্ষেত্রে ছবির jpg ফরমেটে সফ্টকপি গ্রহণযোগ্য হবে। অসম্পূর্ণ কিংবা অস্পষ্ট, ভুলভাবে ফরম পূরণ কিংবা চাহিত কাগজপত্রাদি সংযুক্ত না করা বা নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(৬) যথাযথভাবে প্রাপ্ত আবেদনসমূহের মধ্যে বৈধ আবেদনকারীর তালিকা পূর্বেই অফিস গেটে/ওয়েবসাইটে টানিয়ে দেয়া হবে। অপূর্ণ বা ভুলভাবে ফরম পূরণ করলে কিংবা চাহিত কাগজপত্রাদি যথাযথ সংযুক্ত না করলে তাদের নাম তালিকায় অন্তর্ভুক্ত করা হবে না।

(৭) নিম্নবর্ণিত সূচী অনুযায়ী জেদা, মদিনা ও মক্কায় বৈধ আবেদনকারীগণের সাক্ষাত্কার (ইন্টারভিউ) অনুষ্ঠিত হবে।

দপ্তরের নাম/স্থানের নাম	সাক্ষাত্কার গ্রহণের তারিখ ও সময়	মন্তব্য
বাংলাদেশ হজ্জ অফিস, জেদা	২৭/০২/২০২৩ (সোমবার), বিকেল ০৩:০০ ঘটিকা	তারিখ অনুযায়ী প্রার্থীর তালিকা
বাংলাদেশ হজ্জ অফিস, মদিনা	০১/০৩/২০২৩ (বুধবার), বিকেল ০৩:০০ ঘটিকা	সংশ্লিষ্ট দপ্তরসমূহের নোটিশ বোর্ডে
বাংলাদেশ হজ্জ অফিস, মদিনা	০২/০৩/২০২৩ (বৃহস্পতিবার), সকাল ১১:০০ ঘটিকা	এবং ওয়েবসাইটে পাওয়া যাবে।
বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা	০৪/০৩/২০২৩ (শনিবার), সকাল ১১:০০ ঘটিকা	বিঃদ্রঃ সাক্ষাত্কারের তারিখ বা
বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা	০৫/০৩/২০২৩ (রবিবার), সকাল ১১:০০ ঘটিকা	সময়সূচী পরিবর্তন হলে তা
বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা	০৬/০৩/২০২৩ (সোমবার), সকাল ১১:০০ ঘটিকা	বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো

(৮) আগ্রহী প্রার্থীদের অবশ্যই আবেদনপত্রের সাথে তাঁর কফিলের নিকট থেকে সংগৃহীত ২০২৩ (১৪৪৪ হিজরী) হজ্জ মৌসুমে বাংলাদেশ হজ্জ অফিসে কাজ করার জন্য অনাপত্তি/অনুমতি পত্র (অবশ্যই স্থানীয় চেম্বার অব কমার্স/ওমদা থেকে সত্যায়িত করে) দাখিল করতে হবে।

(৯) নিয়োগকৃত কর্মীকে এটা ব্যক্তিগত চাকুরী হিসেবে নয় বরং হাজী সাহেবানদের খেদমতের জিম্মাদার ও আমানতদার মনে করে কাজ করতে হবে।

(১০) পদভিত্তিক দৈনিক মজুরির হার:

পদের নাম	কর্মস্থল ও দৈনিক মজুরীর পরিমাণ	দৈনিক কর্মঘন্টা
(ক) অনুবাদক/কম্পিউটার অপারেটর/সুপারভাইজার/গাড়ীচালক/এ্যাম্বুলেন্স চালক	* মক্কা ১৩০ সৌদি রিয়াল	১২ ঘন্টা
	* মদিনা ১৩০ সৌদি রিয়াল	
	* জেদা ১৪০ সৌদি রিয়াল	
(খ) সাধারণ হজ্জকর্মী/পরিচ্ছন্নকর্মী	* মক্কা ১১০ সৌদি রিয়াল * মদিনা ১১০ সৌদি রিয়াল * জেদা ১২০ সৌদি রিয়াল	

(১১) নিয়োগকৃত কর্মীদেরকে হজ্জ অফিসের সকল নিয়ম-শৃংখলা মেনে পূর্ণ সময় সন্তোষজনক দায়িত্ব পালন শেষে একসাথে সমস্ত মজুরী পরিশোধ করা হবে। মাস শেষে কিংবা হজ্জের পূর্বে কোন মজুরী দেয়া হবে না। কারো বিরুদ্ধে অবৈধভাবে হজ্জ করার প্রমাণ পেলে তিনি কোন মজুরী পাবেন না এবং তবিষ্যতে হজ্জ অফিসে আর কখনো নিয়োগ দেয়া হবে না। তাছাড়া, সৌদি আরবের আইন ভংগ করে অবৈধভাবে হজ্জ করার কারণে সৌদি কর্তৃপক্ষ গ্রেপ্তার করলে হজ্জ অফিস কোন দায়িত্ব নিবে না।

(১২) পূর্ব অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। তবে যাদের বিরুদ্ধে পূর্বে দায়িত্ব অবহেলা, অসদাচরণ, ডিউটির সময় স্মার্টফোন ব্যবহার, কুরবানির দালালি এবং মোবাইল সীম ও কার্ড বিক্রয় ইত্যাদির অভিযোগ রয়েছে কিংবা বাংলাদেশ হজ্জ অফিস ও সৌদি কর্তৃপক্ষের আদেশ অমান্য করে অবৈধভাবে হজ্জ করেছেন তাদেরকে নিয়োগ করা হবে না।

(১৩) নিয়োজিত কর্মীকে দায়িত্ব পালনকালে বাংলাদেশ হজ্জ অফিস হতে সরবরাহকৃত ইউনিফর্ম/জার্সি অবশ্যই পরিধান করতে হবে। কোন সময়েই জার্সিরিভাইন ডিউটি করা যাবে না। কোন হজ্জকর্মীকে জার্সিরিভাইন অবস্থায় দায়িত্ব পালনরত পাওয়া গেলে তার গ্রেড কর্মদিবস হিসেবে গণ্য করা হবেন।

(১৪) নিয়োজিত কর্মী কোন অবস্থাতেই স্মার্ট ফোন ব্যবহার করতে পারবেন না। এমনকি কাছে রাখাও যাবে না। কর্তৃপক্ষের অনুমতি নিয়ে জরুরী যোগাযোগের জন্য একটি ছোট সাধারণ/আইদী মোবাইল রাখা যাবে। যদি কোন কর্মীর অসদাচরণ/বেয়াদাবি, স্মার্ট ফোন ব্যবহার কিংবা তা কাছে রাখতে দেখা যায়; সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের কোন কারণ দর্শানো ব্যতিরেকেই তাকে তাংক্ষণিকভাবে ডিউটি থেকে বিদায়/অব্যহতি দিতে বাধ্য হবে। এমতাবস্থায়, উক্ত কর্মী কোন প্রকার মজুরী পাবেন না।



- (১৫) বাংলাদেশ বা সৌদি সরকারের ভাবমূর্তি নষ্ট হয় এমন কোন কাজে কিংবা হজ্জ ব্যবস্থাপনার পরিপন্থী কোন কর্মকালে জড়িত হবার অভিযোগ উথাপিত হলে তাকে তাৎক্ষণিক বাদ দেয়া হবে।
- (১৬) নিয়োগকৃত কর্মীর বিরুদ্ধে অবৈধভাবে অবস্থানকারী বা অন্য কোন কাজে নিযুক্ত থাকার অভিযোগ পেলে কিংবা কর্মস্থলে উপস্থিত পাওয়া না গেলে তাকে তাৎক্ষণিক বাদ দেয়া হবে। প্রয়োজনে সৌদি পুলিশের কাছে হস্তান্তর করা হবে।
- (১৭) মুক্তা, মদিনা ও জেদ্দার সকল পদের কর্মীকে হজ্জের দিনসমূহে মিনা, আরাফাহ এবং মোজদালেফায় দায়িত্ব পালন করতে হবে। অনুরূপ ক্ষেত্রে তাঁরা প্রয়োজ্য হারে মজুরী প্রাপ্ত হবেন।
- (১৮) কর্তৃপক্ষ নিয়োগকৃত কর্মী হজ্জকর্মীকে প্রয়োজন মত যেকোন কাজে নিয়োজিত করতে পারবে এবং সর্বদা কর্তৃপক্ষের আদেশ মেনে চলতে হবে। আদেশ পালনে গাফিলতি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ যেকোন সময় তার নিয়োগ বাতিল করতে পারবে।
- (১৯) নিয়োগ কর্মিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- (২০) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক মতামত প্রাপ্তি সাপেক্ষে নিয়োগ দেয়া হবে। অন্যথায় নিয়োগের জন্য বিবেচ্য হবে না।
- (২১) চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীদের নিয়োগের পূর্বে বা নিয়োগ প্রদানের পরে সৌদি সরকারের অনুমতি/পাশ/সিকিউরিটি পাশ জনিত কারণে হজ্জকর্মীর দায়িত্ব পালনের সুযোগ রোহিত হলে নির্বাচিত হজ্জকর্মীদের নিয়োগ দানের সুযোগ থাকবে না বা নিয়োগপ্রাপ্তদের নিয়োগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে।

০২/০২/২০২৩
 (মো: জহিরুল ইসলাম)
 কাউন্সেলর (হজ্জ)

বিতরণ : নোটিশ বোর্ড

- ১। বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
- ২। বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব।
- ৩। বাংলাদেশ হজ্জ অফিস, মুক্তা/মদিনা/জেদ্দা, সৌদি আরব।